কার্যালয়
এরিয়া সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড
নিউমুরিং, চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৩৩৪২৫০০-৩০ বর্ধিত ৬৭৩৮
ই-মেইলঃ asdsectt@navy.mil.bd

২২ বৈশাখ ১৪৩৩
২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০০৬.২৬. ১০৫৭ ০৫ মে ২০২৬

দরপত্র আহবানের বিজ্ঞপ্তি

সূত্রঃ

ক। নৌ সদর দপ্তর পত্র নং ২৩.০২.২৬২৬.১৬৭.৪৪.০০৮.২৬.২৭৬ তারিখ ২৭ এপ্রিল ২০২৬ (সকলকে নয়)।

১। **কাজের বিবরণ**। সিএনআরডি এর তত্ত্বাবধানে বানৌজা খালিদ বিন ওয়ালিদ এর ০২ (দুই)টি Auto Bus Transfer (ABT) তৈরি সংক্রান্ত প্রজেক্ট বাস্তবায়ন কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক। **Job Title**। Design and Manufacturing of 02 in no ABT (Auto Bus Transfer).

খ। **Works to be Done**। 02 in no ABT will be designed, manufactured and tested on board on load as necessary.

২। **শর্তাবলী**। উক্ত নবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় কার্য সম্পাদনের শর্তাবলী নিম্নরুপঃ

ক। আগামী **১৪ মে ২০২৬**, ১২০০ ঘটিকার মধ্যে দরপত্র বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে।

খ। আগামী **১৪ মে ২০২৬**, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।

গ। এরিয়া সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দরপত্র দাখিল করতে হবে।

ঘ। উক্ত দরপত্রে তালিকা বহির্ভূত যোগ্য সরবরাহকারীগণ/স্থানীয় প্রস্তুতকারক প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে) দরপ্রস্তাবে উদ্ধৃত মূল্যের ৫% (অনধিক ০১ লক্ষ টাকা) অর্থ জামানত হিসাবে (ফেরতযোগ্য) পে-অর্ডারের মাধ্যমে '**এরিয়া সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড**' বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

ঙ। প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স আলাদাভাবে উল্লেখ করতঃ দরপত্র দাখিল করতে হবে।

চ। দরপ্রস্তাব টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত করতে হবে।

ছ। দরপ্রস্তাব দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। সর্বনিম্ন দরদাতা নির্বাচিত হওয়ার পর কার্যাদেশ প্রদানের পূর্বে কাজে অপারগতা প্রকাশ করলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ। কোন আইটেম ও যন্ত্রাংশ OEM হতে সরবরাহের প্রয়োজন হলে তাদের তালিকা এবং OEM কর্তৃক Authentication সনদ প্রদান করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/প্রতিষ্ঠানের সাহায্য নেয়ার প্রয়োজন হলে তা উল্লেখ করতে হবে।

ঝ। উক্ত কাজের প্রকৃত ধরণ নির্ণয়ের জন্য দরদাতাগণ সিএনআরডি এর নিকট Clarification করতঃ দরপ্রস্তাব দাখিল করবেন।

ঞ। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা মোতাবেক হতে হবে। দরপ্রস্তাবের অতিরিক্ত কোন কাজ/যন্ত্রাংশ প্রয়োজন হলে মেরামতকারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত খরচ বহন করতঃ কাজটি সম্পন্ন করবেন। বর্ণিত কাজ সম্পন্নের জন্য মেরামতকারী প্রতিষ্ঠানের নিজস্ব Workshop ও দক্ষ জনবল থাকতে হবে। অত্র সংস্থার পরিদর্শক টিম কর্তৃক মেরামতকারী প্রতিষ্ঠানের সক্ষমতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।

ট। যে সকল আইটেমসমূহ সরবরাহ করতে হবে তাদের প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশের তালিকা এবং খাতওয়ারি খরচের বিবরণসহ দরপ্রস্তাব প্রদান করতে হবে।

ঠ। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামালসমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট ও ট্যাক্স ব্যতিত বাংলাদেশ নৌবাহিনীর সংশ্লিষ্ট সংস্থা, ''অধিনায়ক, নৌ ভান্ডার, চট্টগ্রাম'' অথবা ''ভারপ্রাপ্ত কর্মকর্তা, নৌ উপ-ভান্ডার, ঢাকা'' কে কনসাইনি করে আমদানী করতে হবে।

ড। উক্ত কাজ সিএনআরডি এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

ঢ। উক্ত কাজ সম্পাদনের সময় মেরামতকারী প্রতিষ্ঠান নিজস্ব সকল জনবলের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবেন।

ণ। কার্যাদেশ গ্রহণের ৬০ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে। কার্যাদেশ গ্রহণের পর কাজ সম্পাদনে কালক্ষেপন বা অনাগ্রহ পরিলক্ষিত হলে কার্যাদেশ অত্র সংস্থা কর্তৃক যে কোন পর্যায়ে বাতিল করতে পারবে।

ত। বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কার্যাদেশের মোট মূল্যের উপর প্রতি মাসে সর্বনিম্ন ১%-২% হারে এবং সকল বিলম্বের উপর সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তৃপক্ষ কর্তন করতে পারবে।

থ। বর্ণিত কাজ সন্তোষজনকভাবে সম্পাদন করে সংশ্লিষ্ট সংস্থা/জাহাজ/ঘাঁটি এর প্যাডে উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষরসহ কার্য সম্পাদন সনদ গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কাজে মালামাল সরবরাহ করা হলে মেরামতকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সংশ্লিষ্ট সংস্থা/জাহাজ/ঘাঁটি কর্তৃক প্রতিস্বাক্ষরিত ডেলিভারি চালান প্রদান করতে হবে।

দ। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/গ্রহণ ও অন্য কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার পূর্ণ ক্ষমতা রাখে।

৩। **ওয়ারেন্টি**। দরদাতাকে মেরামত কাজ শেষে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কার্য সম্পাদনের তারিখ হতে পরবর্তী ০১ বছর পর্যন্ত ওয়ারেন্টি সার্টিফিকেট প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন মেরামতকৃত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ বর্ণিত কাজ এর সচলতার টেষ্ট/ট্রায়াল সম্পাদন করবে।

৪। **বিল পরিশোধ**। উল্লিখিত কাজ সন্তোষজনকভাবে সম্পাদনের পর কার্য সম্পাদন সনদ (০২ কপি), ডেলিভারি চালান (০২ কপি), ওয়ারেন্টি সার্টিফিকেট (০২ কপি) এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য নথিপত্রসহ ০৪ কপি বিল এএসডি বরাবর দাখিল সাপেক্ষে এএসডি/এএফসি(নৌ), চট্টগ্রাম কর্তৃক বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করতঃ বিল পরিশোধ করা হবে। উল্লেখ্য যে, দরপ্রস্তাব, ওয়ারেন্টি, ডেলিভারি চালান, বিল এবং কন্টিনজেন্ট বিলসহ সকল কাগজপত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা প্রত্যয়নপত্রযুক্ত অথোরাইজড প্রতিনিধির নাম, পদবী ও প্রতিষ্ঠানের সীলসহ স্বাক্ষরযুক্ত হতে হবে।

৫। **যোগাযোগ**। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এস্টিমেটিং ডিপার্টমেন্টের আউটসোর্সিং সেকশন (মোবাঃ ০১৭৬৯৭২৬৭৩৯) অথবা ফোরম্যান ''সিএনআরডি'' (মোবাঃ ০১৭৬৯৭২৬৯৫১) এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

MdTaher

মোঃ মোতাহের হোসেন
পরিসংখ্যান অফিসার (সিএসও-৩)
পক্ষে এরিয়া সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

প্রতিঃ

সকল আগ্রহী দরদাতা

অবগতিঃ

প্রেসিডেন্ট টেন্ডার ওপেনিং কমিটি, এএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা - ওয়েব সাইটে (www.asd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ
আইটি সেকশন, এএসডি সংস্থা